(ঘ) উপরোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রাক-নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের দুইটি শিফটে বিভক্ত করে প্রাক-নির্বাচনী পরীক্ষা নেয়া হবে। পরিসংখ্যান ভিত্তিক পদ্ধতি অনুসরণ করে প্রতিটি শিফটে প্রার্থীদের মেধার বিন্যাসের সমতুল্যতা নিশ্চিত করা হবে।

প্রাক-নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত আবেদনকারীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.buet.ac.bd) প্রকাশ করা হবে।

(ঙ) প্রাক-নির্বাচনী পরীক্ষার ফলাফলের মেধাক্রম অনুসারে প্রতি শিফটের ১ম থেকে ৩০০০তম শিক্ষার্থীকে মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত করা হবে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত ন্যূনতম ১২ জন পরীক্ষার্থী (পর্যাপ্ত আবেদন গ্রহণ সাপেক্ষে) মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত আবেদনকারীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.buet.ac.bd) প্রকাশ করা হবে।

## ২। প্রাক-নির্বাচনী ও মূল ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী

### ২.১ প্রাক-নির্বাচনী পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী

বিশ্ববিদ্যালয়ের পাঁচটি অনুষদের বিভিন্ন বিভাগের জন্য নিম্নলিখিত দুইটি গ্রুপের আওতায় এক দিনে দুইটি শিফটে প্রাক-নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গ্রুপ "ক": প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ

গ্রুপ "খ": প্রকৌশল বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ

প্রাক-নির্বাচনী পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী নিম্নরূপ:

| বিভাগ | বিষয় | পাঠ্যসূচী |
|---|---|---|
| গ্রুপ কঃ প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ<br>গ্রুপ খঃ প্রকৌশল বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ | উচ্চতর গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন | ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী |

### ২.২ প্রাক-নির্বাচনী পরীক্ষার বিষয়সমূহ, প্রশ্নপত্রের ধরণ ও নম্বরের বিন্যাস

প্রাক-নির্বাচনী পরীক্ষায় "ক" ও "খ" গ্রুপের জন্য মোট ১০০ নম্বরের MCQ Type পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিষয় এবং বিষয়সমূহের পূর্ণমান নীচের ছকে দেয়া হলো:

| গ্রুপ "ক" এবং গ্রুপ "খ" | প্রশ্নসংখ্যা | পূর্ণমান | সময় |
|---|---|---|---|
| উচ্চতর গণিত | ৩৪ | ১০০ | ৬০ মিনিট |
| পদার্থ বিজ্ঞান | ৩৩ | | |
| রসায়ন | ৩৩ | | |

**বিশেষ দ্রষ্টব্য**

- প্রতিটি প্রশ্নের মান ০১।
- প্রাক-নির্বাচনী পরীক্ষায় নেগেটিভ মার্কিং করা হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে প্রশ্নের মানের ২৫% কেটে নেয়া হবে।
- OMR Sheet-এ শুধুমাত্র **কালো কালির বলপয়েন্ট** কলমের মাধ্যমে বৃত্ত ভরাট করা যাবে। জেল পেন, ফাউন্টেন পেন অথবা পেন্সিল ব্যবহার করা যাবে না।
- পরিশিষ্ট-ক অনুসারে অনুমোদিত ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
- মোবাইল ফোন ও স্মার্ট ওয়াচসহ যে কোন প্রকার ইলেক্ট্রনিক বা টেলিযোগাযোগ যন্ত্র, জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট-স্কয়ার, কম্পাস ও কোন প্রকার ব্যাগ পরীক্ষা কক্ষে নিয়ে আসা যাবে না।
- উত্তরপত্রে Admission Test Roll No. এবং Application Serial No. না লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

